গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.১০২.৩৪.০৭৫.২১.১৯৪১

**বিষয়: মেঘনা পেট্রোলিয়াম লি: নিযুক্ত ঠিকাদার শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-১৮২৪ এর আগামী ২৮/০৪/২০২৩খ্রি. তারিখ বিশেষ সাধারণ সভাসহ নির্বাচনী কার্যক্রম তত্ত্বাবধান প্রসংগে।**

সূত্র: ১। অত্র দপ্তরের পত্র নং স্মারক নং-৪০.০২.০০০০.১০২.৩৪.০৭৫.২১.১৮৯৭, তারিখ: ০৪-০৪-২০২৩খ্রি.ও
২। সাধারণ সম্পাদক(মেয়াদ উত্তীর্ণ কমিটি) কর্তৃক স্বাক্ষরিত ১২/০৪/২০২৩খ্রি. তারিখের দুটি পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেঘনা পেট্রোলিয়াম লি: নিযুক্ত ঠিকাদার শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-১৮২৪ এর বিশেষ সাধারণ সভা আগামী ২৮/০৪/২০২৩ খ্রি. তারিখ রোজ শুক্রবার বিকাল ০৩.০০ ঘটিকার সময় পতেঙ্গা থানাধীন মাইজপাড়াস্থ জালালিয়া প্রাথমিক বিদ্যালয় মাঠ, চট্টগ্রাম এ বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে মর্মে ২নং সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরকে অবহিত করে প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করেছেন।

২-০। যে কোন ট্রেড ইউনিয়নের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নেবর্ণিত কাগজপত্র/রেকর্ড পত্রাদি বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ অনুযায়ী সঠিক তথ্যসহ সংরক্ষণ করার বাধ্যবাধকতা রয়েছে। তদপ্রেক্ষিতে ১নং সূত্রীয় পত্রের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত অদ্যাবধি গৃহীত কার্যক্রম সংক্রন্ত রেকর্ডপত্রসহ ইউনিয়নের সদস্য অর্ন্তভূক্তি ফরম-৫৫(ক) বা পূর্বের "ডি" ফরম ও সদস্য তালিকা ফরম-৫৭(ক) গত ১১/০৪/২০২৩খ্রি. তারিখ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থাপনের জন্য অনুরোধ হলেও উহা উপস্থাপন করা হয়নি এবং উল্লেখিত পত্রের বিপরীত কোন বক্তব্যও অত্র দপ্তরে পাওয়া যায়নি।

এমতাস্থায়, আগামী ১৮/০৪/২০২৩খ্রি. তারিখ সকাল ১১.০০ঘটিকার মধ্যে চাহিত রেকর্ডপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় আগামী ২৮/০৪/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভা তত্ত্বাবধান করা সম্ভব হবে না। সেক্ষেত্রে নতুন করে সভার তারিখ নির্ধারণ করার প্রয়োজন হবে ।

আরো উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে রেকর্ডপত্র সমূহ উপস্থাপন করা হলে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ইউনিয়নের গঠনতন্ত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করিবেন না এমন সদস্যদের বা সম্পূর্ন নিরপেক্ষ ০৩ (তিন) ব্যাক্তির সমন্বয়ে একটি নির্বাচন উপ-পরিষদ গঠনপূর্বক বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১৬৯ (১) মোতাবেক ইউনিয়নের হালনাগাদ সদস্যের সংখ্যানুপাতে কার্যকরী কমিটির কলেবর নির্ধারন করে নির্বাচন অনুষ্ঠিত হওয়া আবশ্যক।

৩-০। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ৭৩৭২/২০১১ এবং ৪৩১৬/২০১৪ এর উপর মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত ০৮/০৭/২০১৪ খ্রি .তারিখের নির্দেশনা মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধি হিসেবে আগামী ২৮/০৪/২০২৩ খ্রি. তারিখের সাধারণ সভাসহ ভোটার তালিকা চুড়ান্তকরণ, তফসিল ঘোষণা, মনোনয়ন পত্র বিতরণ, মনোনয়ন পত্র জমা ও বাছাই, মনোনয়ন পত্র প্রত্যাহার, চূড়ান্ত প্রার্থী তালিকা, প্রতীক

বরাদ্দ, এবং নির্বাচন অনুষ্ঠানের দিন শুরু থেকে শেষ পর্যন্ত উপস্থিত থেকে নির্বাচনী সকল কার্যক্রম তত্ত্বাবধান করার জন্য নিম্নোক্ত প্রতিনিধিদেরকে দায়িত্ব প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১. | জনাব মোহাম্মদ আব্দুস সাব্বির ভূঁইয়া | সহকারী পরিচালক | ০১৭৩৩-৮৯৮৬২৬ |
| ০২. | জনাব মো: মোকশেদুল আলম | সহকারী পরিচালক | ১৭১৬৮৬৯৮৮৫ |

দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধানকারী প্রতিনিধিগণ নির্বাচনী সাধারন সভা তত্ত্বাবধান করে ০২ (দুই) কর্মদিবসের মধ্যে প্রাথমিক প্রতিবেদন এবং নির্বাচনী সকল কার্যক্রম তত্ত্বাবধান শেষে নির্বাচন অনুষ্ঠানের ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন। সেই সাথে দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাবলী যথাসময়ে সরবরাহের মাধ্যমে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য মেয়াদ উত্তীর্ণ কমিটিকে নির্দেশ প্রদান করা হলো এবং সূত্রোক্ত ২নং পত্রের পরামর্শ মোতাবেক ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করার ও প্রয়োজনীয় তথ্যাদি অবিলম্বে (১৮/০৪/২০২৩খ্রি. তারিখের মধ্যে) অত্র দপ্তরে উপস্থাপনের জন্য পুনরায় বলা হলো ।

১৩-০৪-২০২৩
মোঃ খোরশেদুল হক ভূঞা
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স
০২৩৩৩৩২৩২৫৮
directorctg1@gmail.com

সভাপতি ও সাধারণ সম্পাদক(মেয়াদ উত্তীর্ণ কমিটি), মেঘনা পেট্রোলিয়াম লি: নিযুক্ত ঠিকাদার শ্রমিক ইউনিয়ন, রেজি: নং- চট্ট-১৮২৪, উত্তর পতেঙ্গা, গুপ্তখাল, চট্টগ্রাম।

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.১০২.৩৪.০৭৫.২১.১৯৪১/১ (৯)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ;
২। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, দামপাড়া, চট্টগ্রাম;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;
৪। জনাব মোহাম্মদ আব্দুস সাব্বির ভূঁইয়া, সহকারী পরিচালক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম;
৫। জনাব মোঃ মোকশেদুল আলম, সহকারী পরিচালক (চ.দা), পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম;
৬। সহকারী মহাব্যবস্থাপক, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, উত্তর পতেঙ্গা, গুপ্তখাল, চট্টগ্রাম;
৭। অফিসার ইনচার্জ, পতেঙ্গা থানা, চট্টগ্রম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম;
৮। জনাব মোঃ রেজোয়ানুল করিম, অফিস সহকারী, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম এবং
৯। অফিস কপি।

১৩-০৪-২০২৩
মোঃ খোরশেদুল হক ভূঞা
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স